

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স কো-অরডিনেশন সেন্টার (NDRCC)  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৬-১৯৫

তারিখঃ ২৭/০৬/২০১৬খ্রিঃ  
সময়ঃ দুপুর ৩.০০ টা।

**বিষয়ঃ** দুর্যোগ সংক্রান্ত ২৭.০৬.২০১৬ তারিখের দৈনিক প্রতিবেদন।

**সমুদ্র সতর্কতাঃ** সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কতা সংকেত নেই।

**নদীবন্দর সমুহের জন্য সতর্ক সংকেতঃ** (আজ ২৭/৬/১৬ তারিখ সন্ধ্যা ৬.০টা পর্যন্ত)

রংপুর, রাজশাহী, বগুড়া, পাবনা, টাংগাইল, ময়মনসিংহ, ঢাকা, ফরিদপুর, মাদারীপুর, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালী, কুমিল্লা, নোয়াখালী, চট্টগ্রাম, কক্সবাজার ও সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে পশ্চিম/উত্তর পশ্চিম দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলকার নদী বন্দরসমূহের জন্য ০১(এক) নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

পূর্বাভাসঃ রংপুর, ময়মনসিংহ ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী, খুলনা, বরিশাল, ঢাকা ও চট্টগ্রাম বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ী দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**গত ২৪ ঘন্টায় বিভাগওয়ারী দেশের সর্বোচ্চ এবং সর্বনিম্ন তাপমাত্রা নিম্নরূপঃ**

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৬.০	৩৫.৪	৩৫.৫	৩৫.৮	৩৭.৭	৩৭.০	৩৬.৫	৩৪.৮
সর্বনিম্ন তাপমাত্রা	২৬.৫	২৬.৪	২৪.৭	২৬.২	২৬.০	২৫.৩	২৬.৮	২৬.৪

\* দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল রাজশাহী ৩৭.৭ ডিগ্রী সে. এবং সর্বনিম্ন তাপমাত্রা ছিল রাংগামাটি ২৪.৭ ডিগ্রী সে।

০২। **নদ-নদীর পানি হ্রাস/বৃদ্ধির সর্বশেষ অবস্থাঃ** (তথ্যসূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাগাউবো)

মোট পর্যবেক্ষণ পয়েন্টের সংখ্যা	৮৫ টি	পানি স্থিতিশীল রয়েছে	০২টি
পানি বৃদ্ধি পেয়েছে	৪৮ টি	তথ্য পাওয়া যায়নি	০৬ টি
পানি হ্রাস পেয়েছে	২৯ টি	বিপদসীমার উপরে দিয়ে প্রবাহিত হচ্ছে	০ টি

এক নজরে নদ-নদীর পরিস্থিতি

- যমুনা ও গঙ্গা-পদ্মা নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে অপরদিকে ব্রহ্মপুত্র ও সুরমা-কুশিয়ারা নদ-নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে।
- আগামী ৪৮ ঘন্টায় গঙ্গা-পদ্মা নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেতে পারে।
- আগামী ৪৮ ঘন্টায় ব্রহ্মপুত্র-যমুনা ও সুরমা-কুশিয়ারা নদ-নদীসমূহের পানি সমতল হ্রাস পেতে পারে।

০৩। **গত ২৪ ঘন্টায় দেশের বিভিন্ন স্থানে উল্লেখযোগ্য বৃষ্টিপাতঃ** (গতকাল সকাল ৯ টা থেকে আজ সকাল ৯টা পর্যন্ত)

স্টেশন/জেলা নাম	বৃষ্টির পরিমাণ (মিমি)	স্টেশন/জেলা নাম	বৃষ্টির পরিমাণ (মিমি)
নরসিংদি	১০১.৬	সিলেট	৬৭.০
পঞ্চগড়	৭৪.৫	ব্রাহ্মণবাড়িয়া	৬০.০

০৪। **অগ্নিকান্ডঃ** ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষে থেকে ডিউটি অফিসার জানান, আজ কোথাও থেকে উল্লেখযোগ্য কোন অগ্নিকান্ডের খবর পাওয়া যায় নাই।

০৫। **ভূমিকম্পঃ** আজ ২৭.০৬.২০১৬ তারিখ বাংলাদেশ সময় ৬টা সাতাশ মিনিট ৪৩ সেকেন্ডে ভূমিকম্প সংঘটিত হয়েছে। ভূমিকম্পের কেন্দ্র ছিল ঢাকার আগারগাঁওস্থ ভূমিকম্প পর্যবেক্ষণ কেন্দ্র থেকে ২০৪ কি.মি. দূরে খাগড়াছড়ি জেলার মাণিকছড়ি এলাকায়। রিস্টার স্কেলে এর মাত্রা ছিল ৪.৯ (Light)।

দুর্যোগ পরিস্থিতি মনিটরিং করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের NDRCC (জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় কেন্দ্র) ২৪ ঘন্টা (৭x২৪) খোলা রয়েছে। দুর্যোগ সংক্রান্ত যে কোন তথ্য আদান-প্রদানের জন্য NDRCC'র নিম্নবর্ণিত টেলিফোন/ ফ্যাক্স/ email নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছেঃ  
টেলিফোন নম্বরঃ ৯৫৪০৪৫৪, ৯৫৪৯১১৬, ৯৫৪৫১১৫, ৯৫৪৬৬৬৩; মোবাইল নম্বরঃ ০১৭১১-৪৪৭২৭৬ এবং ০১৯৩৭-১৬৩৫৮২  
ফ্যাক্স নম্বরঃ ৯৫৪০৫৬৭, ৯৫৪৯১৪৮, ৯৫৭৫০০০ Email: [ndrcc@modmr.gov.bd](mailto:ndrcc@modmr.gov.bd)

স্বাক্ষরিত/-  
মোঃ আমিনুল ইসলাম  
উপসচিব (এনডিআরসিসি)  
ফোনঃ ৯৫৪৬৬৬৩

## সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ০৫। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৬। মহা-পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ০৮। অতিরিক্ত সচিব (দুঃব্যয়), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ০৯। মহা-পরিচালক (অতিরিক্ত সচিব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ১০। অতিরিক্ত সচিব (ত্রাণ)/(দুব্যক), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১১। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১২। পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ১৩। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। প্রতিবেদনটি ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।
- ১৪। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়াতে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ১৫। সিনিয়র তথ্য কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।